



আজ থেকে ফ্যামলি কার্ডের তথ্য সংগ্রহ, ধর্মীয় প্রতীষ্ঠানে প্রচারণার উদ্যোগ

লেখক: প্রকাশক | প্রকাশিত: 12 October 2026, 11:39 AM | বিভাগ: জাতীয়



দেশব্যাপী ফ্যামলি কার্ড কর্মসূচি আওতায় পরিবারভিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হচ্ছে আজ সোমবার (১২ অক্টোবর)। এ কর্মসূচি সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে মসজিদ, মন্দির, প্যাগোডা ও গরিজার মাধ্যমে প্রচারণার উদ্যোগ নিয়েছে সরকার।

এ লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন এবং হিন্দু বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সমন্বয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নতি ধর্মবিশ্বাস মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছে সমাজকল্যাণ মন্ত্রণালয়। গত ৮ অক্টোবর এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে চিঠি পাঠানো হয়।

চিঠিতে জানানো হয়, 'ফ্যামলি কার্ড থানা তথ্যভাণ্ডারের তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬' অনুসরণ করে দেশব্যাপী পরিবারের আর্থসামাজিক অবস্থার তথ্য সংগ্রহ করা হবে। সরকারের প্রশিক্ষিত ও পরিচয়পত্রধারী কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে এসব তথ্য নবেন। সংগৃহীত তথ্যের ভিত্তিতে কোন পরিবারের সহায়তা বেশি প্রয়োজন, তা নির্ধারণ করা হবে।

প্রচারণার বার্তায় পরিবারগুলোর প্রকৃত আর্থসামাজিক অবস্থা তুলে ধরে সঠিক তথ্য দেওয়ার আহ্বান

জানানো হয়েছে। একই সঙ্গে ফ্যামলি কার্ডের তালিকায় নাম অন্তর্ভুক্ত করার কথা বলে কটে টাকা চাইলে সতর্ক থাকতে বলা হয়েছে। তথ্য দেওয়ার জন্য কোনো অর্থে প্রয়োজন নই বলেও বার্তায় উল্লেখ করা হয়েছে।

মসজিদে জুমার নামাজের আগে তিনি মিনিটিরে ঘোষণার মাধ্যমে এসব বার্তা প্রচারের পরিকল্পনা করা হয়েছে। অন্যদিকে, মন্দির, গরিজা ও বৌদ্ধবহিরে দুই মিনিটিরে ঘোষণায় সঠিক তথ্য দেওয়ার পাশাপাশি বয়স্ক ও প্রতিবন্ধী প্রতিবিশীদরে খোঁজ নেওয়ার আহ্বান জানানো হবে, যাত্রে তথ্য সংগ্রহের সময় কটে বাদ না পড়বে।

প্রচারণার বার্তায় আরও বলা হয়েছে, ফ্যামলি কার্ডের তথ্য সংগ্রহের নামে কটে অর্থ দাবি করলে ১০৯৮ নম্বরে জানাতে হবে।

কর্মসূচির মাধ্যমে পরিবারগুলোর প্রকৃত অবস্থা যাচাই করে প্রয়োজন অনুযায়ী সহায়তা দেওয়ার জন্য তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।